



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা লিগ্যাল এইড অফিস, পঞ্চগড়  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়



“বঙ্গবন্ধুর সোনার বাংলায় শেখ হাসিনার অবদান  
বিনামূল্যে লিগ্যাল এইডে আইনি সেবাদান”

আপনি কি অসহায়, দরিদ্র, নির্যাতিত?  
মামলা চালাতে অক্ষম?

তাহলে সরকারি খরচে আইনগত সহায়তা পাওয়ার জন্য যোগাযোগ করুন:

জেলা লিগ্যাল এইড অফিস  
কক্ষ নং-৪০৯ (৪র্থ তলা),  
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন (৪র্থ তলা), পঞ্চগড়।  
হেল্পলাইন নম্বর : ১৬৪৩০ (টোল ফ্রি)

## আপনি জানেন কি?

আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং বিভিন্ন আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ জনগণকে সরকার আইনগত সহায়তা প্রদান করছে।

### যারা সেবা চাইতে পারেন:

১. আর্থিকভাবে অসচ্ছল, নিঃস্ব সহায় সম্বলহীন ব্যক্তি এবং শ্রমিক যার বার্ষিক আয় ১০০,০০০/- টাকার কম
২. কোন মুক্তিযোদ্ধা যার বার্ষিক গড় আয় ১৫০,০০০/- টাকার কম
৩. বয়স্ক ভাতা পাচ্ছেন এমন কোন ব্যক্তি
৪. ভি জি ডি কার্ডধারী দুঃস্থ মাতা
৫. পাচারের ফলে ক্ষতিগ্রস্ত নারী বা শিশু
৬. দুর্ভুক্ত দ্বারা এসিড দক্ষ নারী বা শিশু
৭. আদর্শ গ্রামে গৃহ বা ভূমি বরাদ্দ প্রাপ্ত কোন ব্যক্তি
৮. অসচ্ছল বিধবা, স্বামী পরিত্যক্তা এবং দুঃস্থ মহিলা
৯. উপার্জনে অক্ষম এবং সহায় সম্বলহীন প্রতিবন্ধী
১০. আর্থিক অসচ্ছলতার দরুন আদালতে অধিকার প্রতিষ্ঠা বা আত্মপক্ষ সমর্থন করতে অসমর্থ ব্যক্তি
১১. বিনা বিচারে আটক এমন ব্যক্তি যিনি আত্মপক্ষ সমর্থন করার যথাযথ ব্যবস্থা গ্রহণে আর্থিকভাবে অসচ্ছল
১২. আদালত কর্তৃক আর্থিকভাবে অসহায় বা অসচ্ছল বলে বিবেচিত ব্যক্তি